

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
আইসিটি শাখা  
www.mowca.gov.bd

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর বাস্তবায়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি : মুহাম্মদ ওয়াহিদুজ্জামান  
অতিরিক্ত সচিব (প্রশাসন)  
তারিখ ও সময় : ২৮/০৬/২০২২ খ্রি. , বিকাল ২.৩০ টা  
স্থান : অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের সভাকক্ষ

উপস্থিতি: পরিশিষ্ট -ক

সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির ইনোভেশন টিমের সদস্য সচিব ও প্রোগ্রামার, আইসিটি শাখাকে সভার আলোচ্যসূচি অনুযায়ী অনুযায়ী বক্তব্য শুরু করার অনুরোধ জানান। আলোচ্যসূচি মোতাবেক সদস্য সচিব সভায় জানান যে,

ক) আলোচ্যসূচি: ২০২১-২০২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন

আলোচনা: সদস্য সচিব সভায় কর্মপরিকল্পনার আলোকে সূচকসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। ২০২১-২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় (সংযুক্ত) মোট ১৩ টি সূচকের অগ্রগতি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় যা নিম্নরূপ:

কর্মসম্পাদন সূচক	টার্গেট	বাস্তবায়ন অগ্রগতি
১) একটি নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত	১৬/০৩/২০২২ খ্রি.	বাস্তবায়িত
২) একটি সেবা সহজিকৃত	২৫/০২/২০২২ খ্রি.	বাস্তবায়িত
৩) ন্যূনতম একটি সেবা ডিজিটাইজকৃত	৩০/১২/২০২১ খ্রি.	বাস্তবায়িত
৪) সভা আয়োজিত	৩০/০৮/২০২১ খ্রি.	বাস্তবায়িত
৫) ই-ফাইলে নোট নিষ্পত্তিকৃত	৮০%	ই-ফাইল এর সংশ্লিষ্ট সূচকের তথ্য সকল শাখা হতে সংগ্রহ চলছে
৬) সভা/কর্মশালা আয়োজিত	৪টি	বাস্তবায়িত
৭) তথ্য বাতায়নে সকল সেবা বন্ধ হালনাগাদকৃত	৪টি	বাস্তবায়িত
৮) বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে প্রকাশিত	৪টি	বাস্তবায়িত
৯) কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজিত	৪টি	বাস্তবায়িত
১০) ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয়িত	৮০%	বাস্তবায়িত
১১) কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভা আয়োজিত	৪টি	বাস্তবায়িত
১২) কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে/ উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরিত	১৩/০১/২০২২ খ্রি.	বাস্তবায়িত
১৩) দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনকৃত	৩০/০৫/ ২০২২ খ্রি.	বাস্তবায়িত

সিদ্ধান্ত: সকল প্রমাণক সহ কর্মপরিকল্পনা'র বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন আগামী ১৪ই জুলাই ২০২২ খ্রি. তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নকারী: ইনোভেশন টিমের সদস্য সচিব/প্রোগ্রামার, আইসিটি শাখা।

খ) আলোচ্যসূচি: তথ্য বাতায়ন হালনাগাদ করণ

আলোচনা: এ পর্যায়ে তথ্য বাতায়নের সকল সেবাবন্ধ মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী হালনাগাদ করার জন্য সভায় আলোচনা করা হয়। এক্ষেত্রে সকল মন্ত্রণালয়ের তথ্য বাতায়নের পাশাপাশি দপ্তর/সংস্থা'র তথ্য বাতায়ন হালনাগাদকরণ জরুরী বলে ইনোভেশন টিমের সদস্য সচিব সভাকে অবহিত করেন। কারণ দপ্তর/সংস্থার নাগরিক সেবা সমূহের তথ্য স্ব স্ব দপ্তরের তথ্যবাতায়নে হালনাগাদ থাকা উচিত। তাহলে মন্ত্রণালয় থেকে কোন নাগরিক সে লিঙ্ক ব্রাউজ করে সংশ্লিষ্ট তথ্য বাতায়নের পেজে গেলে হালনাগাদকৃত তথ্য দেখতে পাবেন।

সিদ্ধান্ত: দপ্তর/সংস্থা/একাডেমি/ফাউন্ডেশন সহ মন্ত্রণালয়ের তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদকরণের জন্য অনুরোধ করা হয়।

বাস্তবায়নকারী:

- প্রোগ্রামার, আইসিটি শাখা

- তথ্য বাতায়ন হালনাগাদের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, জাতীয় মহিলা সংস্থা,
- তথ্য বাতায়ন হালনাগাদের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বাংলাদেশ শিশু একাডেমি,
- তথ্য বাতায়ন হালনাগাদের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, জয়িতা ফাউন্ডেশন


গ) আলোচ্যসূচি: ই-নথি'র বাৎসরিক রিপোর্ট প্রস্তুতকরণ

আলোচনা: সদস্য সচিব সভাকে জানান, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক স্ব স্ব প্রতিষ্ঠানের ই-নথির পারফরম্যান্স হার্ড নথি নিষ্পন্নের পরিমাণের সাথে তুলনা করে বের করা হয়। এক্ষেত্রে সকল শাখায় ইতোমধ্যে হার্ডনথি নিষ্পন্নের পরিমাণ ফাইল মুভমেন্ট রেজিস্টার অনুযায়ী বের করে আইসিটি শাখায় প্রেরণ করার জন্য পত্র প্রেরণ করা হয়েছে। শাখাভিত্তিক তথ্য পাওয়া গেলে এ প্রতিবেদন প্রস্তুত করা যাবে।

সিদ্ধান্ত: সকল শাখার হার্ড নথি'র তথ্য সঠিক ভাবে দ্রুত সংগ্রহ পূর্বক চূড়ান্ত প্রতিবেদন প্রস্তুত করতে হবে।

বাস্তবায়নকারী: প্রোগ্রামার, আইসিটি শাখা।

২। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করে।




মুহাম্মদ ওয়াহিদুজ্জামান  
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৩২.০০.০০০০.০৩৪.১৬.০০১.২০-৫৩

তারিখ: ১৬ আষাঢ় ১৪২৯  
৩০ জুন ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন
- ২) মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর
- ৩) মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি
- ৪) নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা
- ৫) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৬) যুগ্মসচিব, পরিকল্পনা-২ শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৭) যুগ্মসচিব, বাজেট ও অডিট অধিশাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৮) উপসচিব, উন্নয়ন-২ শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৯) উপসচিব, প্রশাসন-১ শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ১০) অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় (মহোদয়ের সদয় অবগতির জন্য)



মোঃ ইনামুল হক  
প্রোগ্রামার